বাংলাদেশ দূতাবাস
বৈরুত, লেবানন
বিভিন্ন সেবা কার্যক্রমের জন্য তথ্য নির্দেশিকা

লেবাননে জন্মগ্রহনকারী প্রবাসী বাংলাদেশীদের সন্তান দেশে নেয়ার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

০১। সন্তান লেবাননে যে হাসপাতালে জন্মগ্রহণ করেছে সেই হাসপাতাল কর্তৃক প্রদত্ত জন্ম সনদ (আরবী এবং ইংরেজী অনুবাদ/তরজমাসহ হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক সত্যয়িত হতে হবে) ।
০২। মুক্তারের সার্টিফিকেট (আরবী এবং ইংরেজীতে এবং লেবাননের পররাষ্ট্র মন্ত্রনালয়ের সিল ও স্বাক্ষরসহ)।
০৩। বাবা এবং মায়ের পাসপোর্টের ফটোকপি ।
০৪। বিবাহের কাবিননামা (বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রনালয় কর্তৃক সত্যায়িত হতে হবে) অথবা স্বামী-স্ত্রী উভয়ের পাসপোর্ট যেখানে স্বামীর পাসপোর্টে স্ত্রীর নাম এবং স্ত্রীর পাসপোর্টে স্বামীর নাম থাকবে ।
০৫। বাচ্চা মায়ের সাথে গেলে বাবার এবং বাবার সাথে গেলে মায়ের অনুমতিপত্র ইংরেজীতে অথবা আরবীতে থাকলে ইংরেজীতে অনুবাদসহ নোটারী পাবলিক কর্তৃক সত্যায়ন এবং বাবা বা মায়ের স্বাক্ষরসহ জমা দিতে হবে ।

মৃতদেহ দেশে ফেরত পাঠানোর জন্য প্রয়োজনীয় তথ্যাবলী এবং কাগজ-পত্র

০১। পাসপোর্ট অথবা পাসপোর্টের কপি ।
০২। বৈধ আকামা থাকলে আকামা অথবা আকামার কপি ।
০৩। বৈধ ইন্সুরেন্স থাকলে ইন্সুরেন্স কার্ড বা তার কপি ।
০৪। পুলিশ রিপোর্ট ।
০৫। হাসপাতাল কর্তৃক প্রদত্ত মৃত্যুসনদ ।
০৬। বাংলাদেশে মৃতদেহ গ্রহণকারীর নাম, পরিচয় এবং মোবাইল নম্বর ।

মৃতব্যক্তির ক্ষতিপূরণ প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্র

০১। দুতাবাসের অনুকূলে **'ক্ষমতা প্রতার্পণপত্র'** (Power of Attorney) এর আসল কপি যা অবশ্যই পররাষ্ট্র মন্ত্রনালয় কর্তৃক সত্যায়িত হতে হবে ।
০২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত **'উত্তরাধিকারনামা'** (Letter of Succession) এর আসল কপি যা অবশ্যই পররাষ্ট্র মন্ত্রনালয় কর্তৃক সত্যায়িত হতে হবে ।
০৩। ক্ষতিপূরণ গ্রহণকারীর ব্যাংকের নাম এবং হিসাব নম্বর (Account Number) যা অবশ্যই ওয়েজ আর্নার্স কল্যান বোর্ডের মাধ্যমে দূতাবাসে পাঠাতে হবে।